



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১১.১৯/১৩০৪/৬

তারিখঃ ৩০/০৫/১৪২৭ বঙ্গাব্দ  
১৫/১১/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলাধীন সুয়াগঞ্জ টি.এ. হাই স্কুল এন্ড কলেজের অধ্যক্ষের বেতন-ভাতা সাময়িকভাবে বন্ধ করণের স্থগিত আদেশ প্রত্যাহার প্রসঙ্গে।

- সূত্রঃ ১. মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৫৫৫৮/২০১৯খ্রি.  
২. মাউশির স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১১.২০১৯/৬৭৩৮/৩, তারিখ: ১২/১২/২০১৯খ্রি;  
৩. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৪.২০১৮(অংশ-১).১৩৬, তারিখ: ১৬.০১.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: গিয়াস উদ্দিন, অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), ইনডেক্স নং-৬১২৯৩৫, সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এন্ড কলেজ ও কেন্দ্র সচিব(এসএসসি পরীক্ষা/২০১৭), কুমিল্লা সদর, কুমিল্লা কে জনবল কাঠামো নির্দেশিকা ২০১০ এর ১৮(১)(গ) ধারা ও আরবিট্রেশন এবং পাবলিক পরীক্ষাসমূহ(অপরাধ) আইন-১৯৮০ এর ৮ ধারা পরিপন্থি কাজের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০১২(কুমিল্লা), তারিখ-২০/০২/২০১৮ নির্দেশ মোতাবেক মে/২০১৮ হতে সাময়িকভাবে বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত করা হয়। জনাব মো: গিয়াস উদ্দিন, অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) বরখাস্ত, ইনডেক্স নং-৬১২৯৩৫, সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এন্ড কলেজ, সদর দক্ষিণ, কুমিল্লা কর্তৃক ০৬.০৫.২০১৯ তারিখ তাঁর এমপিও ছাড়করণের আবেদন করেন, আবেদন নিষ্পত্তি না হওয়ায় তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৫৫৮/২০১৯ দায়ের করেন।

আইন শাখার মতামতঃ মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৫৫৫৮/২০১৯ রায়ে মহামান্য আদালত বিবাদীগণের প্রতি কারণ দর্শানোর রুল জারিসহ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন। অন্তর্বর্তীকালীন আদেশে মহামান্য হাইকোর্ট বিভাগ ৪নং বিবাদী অর্থাৎ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকাকে পিটিশনার (বরখাস্তকৃত ভারপ্রাপ্ত অধ্যক্ষ)-কে ০৬.০৫.২০১৯ তারিখের মধ্যে আবেদনটি(Annexure-1)বিধি মোতাবেক নিষ্পত্তি করার আদেশ প্রদান করেন (সদয় নোটানুচ্ছেদ ৫০ দেখা যায়)। উক্ত আদেশে পিটিশনারের বিষয়টি মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তির জন্য নির্দেশ প্রদান করেন।। মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ অনুসারে পিটিশনারের ০৬.০৫.২০১৯ তারিখের আবেদনটি(Annexure-1) বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে এবং নিষ্পত্তির বিষয়টি পিটিশনারকে অবহিত করতে হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০১২(কুমিল্লা), তারিখ-২০/০২/২০১৮ পত্রের নির্দেশ মোতাবেক জনবল কাঠামো নির্দেশিকা ২০১০ এর ১৮ (১)(গ) ধারা এবং বোর্ডের আপীল ও আরবিট্রেশন এবং পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন, ১৯৮০ এর ৮ ধারা অনুযায়ী কেন্দ্র সচিব জনাব মো: গিয়াস উদ্দিন, অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) এর বেতন-ভাতার সরকারি অংশ মে/২০১৮ হতে সাময়িকভাবে স্থগিত করা হয়েছে বিধায় শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ না পাওয়া পর্যন্ত তাঁর স্থগিতকৃত বেতন-ভাতা ছাড়করণের সুযোগ নাই মর্মে অত্র অধিদপ্তর হতে ১২/১২/২০১৯ তারিখে সূত্রোক্ত ২ নং স্মারক মোতাবেক পত্র দেয়া হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ৩ নং সূত্রোক্ত পত্রে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মো: গিয়াস উদ্দিন-এর এমপিও ছাড়করণের নির্দেশনা নাই। এমতাবস্থায়, বরখাস্তকৃত ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: গিয়াস উদ্দিন এর বেতন-ভাতার সরকারি অংশ ছাড়করণের সুযোগ নাই মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

১৫.১২.২০১৯

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ

সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এন্ড কলেজ

সদর দক্ষিণ, কুমিল্লা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;
- ৩। সভাপতি, পরিচালনা পরিষদ, সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এন্ড কলেজ, সদর, কুমিল্লা।
- ৪। শিক্ষা অফিসার (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। জনাব মো: গিয়াস উদ্দিন, অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) সাময়িক বরখাস্ত, সুয়াগঞ্জ টি.এ হাই স্কুল এন্ড কলেজ, সদর দক্ষিণ, কুমিল্লা।
- ৬। সংরক্ষণ কপি।